

# বৌদ্ধ বিশ্ব

## শিশুদের প্রার্থনা গাইড

## ২১ দিনের প্রার্থনা

২১শে জানুয়ারি - ১০ই ফেব্রুয়ারি, ২০২৪

# এসে গেছে শিশুদের বৌদ্ধ বিশ্ব প্রার্থনা গাইড

এই প্রার্থনা গাইডটির উদ্দেশ্য হল বিশ্বজুড়ে ৬-১২ বছর বয়সী শিশুদের তাদের পরিবারের সাথে প্রার্থনায় অংশগ্রহণ করতে সাহায্য করা, বৌদ্ধ ধর্মের মানুষদের জন্য প্রার্থনায় মনোনিবেশ করা।

পরবর্তী ২১ দিন ধরে, সারা বিশ্বজুড়ে ১০০ মিলিয়নেরও বেশী মানুষ বৌদ্ধদের জন্য প্রার্থনা করবে।

## তোমরা ওদের সাথে যোগ দিচ্ছ বলে আমরা সত্যিই আনন্দিত!

যীশুর মহৎ ভালোবাসা জানার উদ্দেশ্যে অন্যদের জন্য প্রার্থনা করার সময় পবিত্র আত্মা তোমাদের গাইড করুন এবং তোমাদের সঙ্গে কথা বলুন। ‘ঈশ্বরের প্রেমে বেঁচে থাকা’ এই ব্যানারে আমাদের ২১টি দৈনিক থিম রয়েছে এবং আমরা ২১টি শহর ও দেশের জন্য প্রার্থনা করবোঃ

## শিশুদের বৌদ্ধ বিশ্ব প্রার্থনা গাইডের জন্য দৈনিক থিম এবং শহর | দেশ

**১ম দিন - ২১শে জানুয়ারি ২০২৪**
থিমঃ আশা - রোমানস্ ১৫:১৩
থাইল্যান্ডের ব্যাংকক-এর জন্য প্রার্থনা করবো

**২য় দিন - ২২শে জানুয়ারি ২০২৪**
থিমঃ বিজয় - ১ করি ১৫:৫৭
চীনের বেজিং-এর জন্য প্রার্থনা করবো

**৩য় দিন - ২৩শে জানুয়ারি ২০২৪**
থিমঃ সহানুভূতি - এফে ৪:৩২
ভুটান-এর জন্য প্রার্থনা করবো

**৪র্থ দিন - ২৪শে জানুয়ারি ২০২৪**
থিমঃ আনুগত্য - এফে ৬:১
বৌদ্ধ প্রবাসীদের জন্য প্রার্থনা করবো

**৫ম দিন - ২৫শে জানুয়ারি ২০২৪**
থিমঃ দায়িত্বপূর্ণ - লুক ১৬:১০
চীনের চেংদু-র জন্য প্রার্থনা করবো

**৬ষ্ঠ দিন - ২৬শে জানুয়ারি ২০২৪**
থিমঃ উদার - ২ করি ৯:৭
চীনের চংকিং-এর জন্য প্রার্থনা করবো

**৭ম দিন - ২৭শে জানুয়ারি ২০২৪**
থিমঃ ধৈর্য্য - হিব্রুস্ ১২:১
চীনের হ্যাংজু-র জন্য প্রার্থনা করবো

**৮ম দিন - ২৮শে জানুয়ারি ২০২৪**
থিমঃ কৃতজ্ঞ - ১ থেসা ৫:১৮
ভিয়েতনামের হ্যানয়-এর জন্য প্রার্থনা করবো

**৯ম দিন - ২৯শে জানুয়ারি ২০২৪**
থিমঃ জ্ঞান - প্রোভার্ব ২:৬
ভিয়েতনামের হো চি মিন সিটি-র জন্য প্রার্থনা করবো

**১০ম দিন - ৩০শে জানুয়ারি ২০২৪**
থিমঃ ক্ষমতা - ২ টিমোথি ১:৭
চীনের হংকং-এর জন্য প্রার্থনা করবো

**১১তম দিন - ৩১শে জানুয়ারি ২০২৪**
থিমঃ পবিত্র - ১ পিটার ১:১৬
ভারত-এর জন্য প্রার্থনা করবো

**১২তম দিন - ১লা ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ উপাসনা - সাম ৯৫:৬
জাপান-এর জন্য প্রার্থনা করবো

**১৩তম দিন - ২রা ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ প্রশংসা - সাম ১৫০:৬
কম্বোডিয়ার নম পেন-এর জন্য প্রার্থনা করবো

**১৪তম দিন - ৩রা ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ বিশ্বাস - প্রোভার্ব ৩:৫
চীনের সাংহাই-এর জন্য প্রার্থনা করবো

**১৫তম দিন - ৪ঠা ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ আশীর্বাদ - নাম্বারস্ ৬:২৪-২৬
চীনের শেনইয়াং-এর জন্য প্রার্থনা করবো

**১৬তম দিন - ৫ই ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ অলৌকিক - মার্ক ১০:২৭
চীনের তাইওয়ান-এর জন্য প্রার্থনা করবো

**১৭তম দিন - ৬ই ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ অনুগ্রহ - সাম ৫:১২
মঙ্গোলিয়ার উলানবাতার-এর জন্য প্রার্থনা করবো

**১৮তম দিন - ৭ই ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ শক্তি - ফিলি ৪:১৩
আমেরিকা-র জন্য প্রার্থনা করবো

**১৯তম দিন - ৮ই ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ সমবেদনা - কলো ৩:১২
লাওসের ভিয়েনতিয়েন-এর জন্য প্রার্থনা করবো

**২০তম দিন - ৯ই ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ পরিত্রাণ - অ্যাক্টস ১৬:৩১
চীনের জিয়ান-এর জন্য প্রার্থনা করবো

**২১তম দিন - ১০ই ফেব্রুয়ারি ২০২৪**
থিমঃ ধন্যবাদ জ্ঞাপন - সাম ১০৭:১
মায়ানমারের ইয়াঙ্গুন-এর জন্য প্রার্থনা করবো

### শিশুদের জন্য আমাদের ২বিসি দৃষ্টিভঙ্গি

2 BILLION CHILDREN

**এই গাইডের মাধ্যমে আমাদের প্রার্থনায় আমরা দেখতে পাব...**

শিশুরা তাদের স্বর্গীয় পিতার কণ্ঠস্বর শুনছে

শিশুরা খ্রীষ্টে তাদের পরিচয় জানছে

শিশুরা অন্যদের সাথে তাঁর ভালবাসা ভাগ করে নিতে ঈশ্বরের আত্মা দ্বারা অনুপ্রাণিত হচ্ছে

প্রার্থনা গাইডের ছবিগুলি - অনুগ্রহ করে মনে রাখবেন এই প্রার্থনা গাইডে যে সমস্ত ছবি ব্যবহার করা হয়েছে সেগুলি সবই ডিজিটাল পদ্ধতিতে তৈরি এবং শুধুমাত্র অলঙ্করণের জন্য ব্যবহৃত। এই ছবিগুলি কোনভাবেই নিবন্ধে উল্লিখিত ব্যক্তিদের সঙ্গে সম্পর্কিত নয়।

# ২১ দিনের বৌদ্ধ বিশ্ব প্রার্থনা গাইড-এ স্বাগত!





বন্ধুরা! তোমরা জানো, পৃথিবীতে যখন কোনকিছু ভীষণ কঠিন হয়ে দাঁড়ায়, তখন হতাশ হয়ে পড়া খুব সহজ এবং অনেক ভেবেও কি করবো তার উত্তর পাওয়া যায় না, আর এটা তুমি বা আমি সবার সঙ্গেই হতে পারে। কিন্তু ২০০০ বছর আগে, অ্যাপোস্টেল পল যা বলেছিলেন তা আজকের যুগেও সমানভাবে সত্যি। তিনি বলেছিলেন এমনকি যখন সবকিছু বিশৃঙ্খলভাবে ঘেঁটে গেছে বলে মনে হয়, তখনও আমাদের ঈশ্বরের কাছে প্রার্থনা করা উচিত, এই প্রত্যাশা করে যে তিনি সাড়া দেবেন।

এই গাইডটি তোমাদেরকে বাকিদের সাথে যোগ দিতে সাহায্য করবে যারা কোটি কোটি বৌদ্ধদের জন্য প্রার্থনা করবে। ২০২৪ এর ২১শে জানুয়ারি থেকে শুরু করে, প্রত্যেকদিন, আমরা জানবো কিভাবে বিশ্বের বিভিন্ন প্রান্তে বৌদ্ধ ধর্ম পালন করা হয়। আর জানো কি? প্রায় ১০০ মিলিয়নেরও বেশী মানুষ একসাথে আমাদের বৌদ্ধ বন্ধুদের জন্য প্রার্থনা করছে!

এই প্রার্থনা গাইডটি অনেকগুলি ভাষায় অনুবাদ করা হয়েছে এবং সব জায়গায় হাজার হাজার গোষ্ঠীর মধ্যে শেয়ার করা হয়েছে। সবচেয়ে আকর্ষক বিষয় হলো এই গাইডে যে শহরগুলির কথা বলা হয়েছে সেই একই জায়গায় বিভিন্ন দল কঠোর পরিশ্রম করছে এবং প্রতিদিন অসাধারণ সব কাজ করছে। তাই, যখন আমরা প্রার্থনা করি, আমরা ওদেরকেও সমর্থন করি!

তোমরা আন্তরিকভাবে আমন্ত্রিত! এসো আমরা আশাবাদী থাকি, মন থেকে প্রার্থনা করি এবং ভালো কিছু পরিবর্তন আনতে একসাথে কাজ করি। যীশু যে কতটা অসামান্য তা কি আশ্চর্যজনক নয়?

**"পুড়ে শেষ হয়ে যেও না; নিজেকে জ্বালানী দাও এবং জ্বলন্ত রাখো। প্রভুর দাসেরা সতর্ক থাকো, প্রফুল্লভাবে প্রত্যাশা করো। কঠিন সময়ে হাল ছেড়ে দিও না; কঠোরভাবে প্রার্থনা করো।"**
**রোমানস্ ১২:১১-১২**
**এমএসজি সংস্করণ**

# বৌদ্ধ ধর্মের উৎপত্তি





প্রাচীনকালে, গৌতম নামে এক রাজপুত্র ছিল, যে এখনকার নেপালে জন্মগ্রহণ করেছিলো। যখন সে ছোট বাচ্চা ছিল, তখন একজন জ্ঞানী ব্যক্তি ভবিষ্যদ্বাণী করেছিলেন যে সে বড় হয়ে মহান একজন নেতা এবং সর্বজ্ঞানী ব্যক্তি হবেন। কিন্তু তাঁর বাবা চেয়েছিলেন সে একজন শক্তিশালী শাষক হবে, তাই তিনি গৌতমের জন্য বিলাসবহুল জীবনযাপনের ব্যবস্থা করেছিলেন।

কিন্তু গৌতমের বয়স যখন ২৯ বছর হল, সে প্রাসাদের বাইরে এলো এবং দেখলো বহু মানুষ কত দুঃখ-কষ্টের মধ্যে দিয়ে দিন কাটাচ্ছে। সেটা দেখে তার ভীষণ কষ্ট হয়েছিলো, এবং সে ঠিক করলো যে ভাবেই হোক মানুষের এই দুঃখ-দুর্দশা দূর করার উপায় তাকে খুঁজে বের করতেই হবে।

৬ বছর ধরে, এর উত্তর খুঁজে পাওয়ার আশায় সে বিভিন্নভাবে ধ্যানের চেষ্টা করলো। অবশেষে, সে ঠিক করলো একটি বিশেষ গাছের তলায় বসে ধ্যান করবে যতক্ষণ না এই সব কিছুর উত্তর খুঁজে পায়। এমনকি যখন শয়তান তাকে বিরক্ত করে বাধা দেওয়ার চেষ্টা করেছিলো, তখনও গৌতম একমনে ধ্যান করেছিলেন। আর তারপর কি হলো জানো? তিনি সর্বোচ্চ জ্ঞান লাভ করেছিলেন!

তারপর, লোকেরা তাকে “বুদ্ধ” নামে ডাকতে শুরু করে, যার মানে হলো জাগ্রত এবং সর্বজ্ঞানী। তিনি “জ্ঞানদীপ্ত” নামে পরিচিত হন কারণ তিনি জীবন সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ সত্য আবিষ্কার করেছিলেন।

## বুদ্ধের শিক্ষা (যাকে ধর্মা বলা হয়*)

বুদ্ধ কিছু বন্ধুদের সঙ্গে দেখা করেন যারা তাঁর মতই উত্তর খুঁজছিল, এবং তিনি তাঁর প্রথম শিক্ষা তাদের সঙ্গে শেয়ার করেন। অন্যান্য গল্পের মত কোন একজন ভগবান বা একটি শক্তিশালী কিছু নিয়ে নয়, তাঁর শিক্ষা কিন্তু আকাশে থাকা কোন মহান কিছুর ওপর কেন্দ্রীভূত নয়।

তিনি যে শিক্ষা দিয়েছিলেন তাকে বলা হয় “চারটি মহান সত্য”:

- জীবন কঠিন হতে পারে এবং অনেক বাধা-বিপত্তি আসতে পারে।
- এই দুর্দশা আসার কারণ হলো সব কিছু না জানা এবং সবসময় আরও বেশী চাওয়া।
- এইটা যাতে না হয়, আমাদের আরও শিখতে হবে এবং সবকিছু চাওয়া বন্ধ করতে হবে।
- তিঁনি বলেছিলেন আমরা এটা করতে পারি যদি “মধ্যপথ” বা “অষ্টাঙ্গিক মার্গ” অনুসরণ করে চলি।

বুদ্ধ বিশ্বাস করতেন আমরা যাকে “দুঃখ” বলি তার কারণ হলো আমরা এমন কিছু জিনিসকে আঁকড়ে ধরে থাকি যা চিরকাল থাকবে না। তিনি বলতেন বারবার জন্মগ্রহণ করার এই চক্র থেকে বেরিয়ে আসার উপায় হলো “মধ্যপথ” অনুসরণ করা।

লক্ষ্য হলো একটি মোমবাতি নিভিয়ে ফেলার মত — যেখানে সব প্রয়োজন এবং চাওয়া শেষ হবে। এটা এমন একটা অবস্থা যখন আমাদের সব ইচ্ছাগুলো থেমে যায়, এবং আমরা শান্তি খুঁজে পাই।

# বৌদ্ধধর্ম

## থেরবাদ, মহাযান এবং তিব্বতি।



থেরবাদ বৌদ্ধধর্ম শুরু হয়েছিল শ্রীলঙ্কায়, যেখানে বুদ্ধের শিক্ষাগুলি প্রথম লেখা হয়েছিল এবং পরে তা একটি গুরুত্বপূর্ণ গ্রন্থে(বই) পরিণত হয়েছিল। এর মূল লক্ষ্য হলো ব্যক্তিগত ধ্যান এবং ভালো কাজের মাধ্যমে জ্ঞান অর্জন করা। মায়ানমার, থাইল্যান্ড, কম্বোডিয়া, এবং লাওস এই ধরনের ঐতিহ্য অনুসরণ করে।

বুদ্ধকে নিয়ে যে সমস্ত বই লেখা হয়েছিল সেগুলির ওপর ভিত্তি করে মহাযান বৌদ্ধ ধর্ম শুরু হয়েছিল। এই বইগুলি বিশেষ কিছু শিখিয়েছিল: তারা বলেছিলো একজন আলোকিত সত্তা, যাকে বোধিসত্ত্ব বলে, নির্বাণের অবস্থায় যাওয়ার আগে অপেক্ষা করতে পারেন। নির্বাণ হলো শান্তি এবং মুক্তি খুঁজে পাওয়ার চূড়ান্ত আধ্যাত্মিক লক্ষ্য। অবিলম্বে সেখানে যাওয়ার পরিবর্তে, তারা মানুষকে সাহায্য করার পথ বেছে নেন, সেইসব মানুষ যারা তাদের অতীতের কর্মফল (কার্মা) ভোগ করছে। এই ধরনের বৌদ্ধ ধর্ম সাধারণত চীন, জাপান, ভিয়েতনাম এবং কোরিয়া -তে পালন করা হয়।

তিব্বতি বৌদ্ধ ধর্ম শুরু হয় ভারতবর্ষে মোটামুটি খ্রিষ্টীয় ষষ্ঠ শতকের সময়ে। এটি ধর্মীয় আচার-অনুষ্ঠান এবং নিজের কল্পনার মাধ্যমে জ্ঞান অর্জনকে তাড়াতাড়ি করার একটি পদ্ধতি। এই অনুশীলনগুলি অনুগামীদের জ্ঞান অর্জনের পথে তাড়াতাড়ি পৌঁছতে সাহায্য করে।

বহু মানুষ বিভিন্ন ধরনের বৌদ্ধ ধর্মের প্রতি আকৃষ্ট হয়েছেন, বিশেষ করে যারা মনের ভিতরের বা আভ্যন্তরীণ শান্তির খোঁজার কথা বলেন।

কেউ কেউ নিজের আত্মাকে শুদ্ধ করার জন্য, বিভিন্ন মঠে যোগ দিয়েছেন। সেখানে তারা ধ্যান করেন এবং জীবনের পাঁচটি প্রধান নিয়ম মেনে চলেন।

আবার অনেকে তিব্বতি লামাদের সঙ্গে যোগাযোগ স্থাপন করেছেন, যারা অনেকটা সন্ন্যাসীর মতন।

এই ধরনের ধর্মাচারণে তারা জপ করাও শেখে, যা অনেকটা বিশেষ কিছু শব্দ গানের মত করে উচ্চারণ করার মতন।

এবং আবার এমনও অনেকে আছে যারা এমন একটা বৌদ্ধ ধর্মকে অনুসরণ করে যা এশিয়ান ঐতিহ্য এবং তাদের জানা পশ্চিমের কিছু ধারণার সঙ্গে মিশ্রিত হয়েছে।

## বৌদ্ধধর্ম আজকে

আজকের দিনে বৌদ্ধ ধর্ম বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম। যদিও বৌদ্ধ ধর্ম কোন একজন মহান ভগবানের ওপর ভিত্তি করে না, এটা অনেকটা আরামদায়ক কম্বলের মত যা কোন কিছুর চাপিয়ে দিলে নিজেকে তার আকারের মতন করে নেয়। উদাহরণস্বরূপ বলা যায়, তিব্বতে, বৌদ্ধ ধর্ম সেখানকার বন ধর্মের সঙ্গে মিশে গেছে, যা  হচ্ছে শামানবাদ। তারা ধ্যান করার জন্য বৌদ্ধ মঠ স্থাপন করেছে কিন্তু সেখানে একইসঙ্গে বন ধর্মও পালন করা হয়। থাইল্যান্ডে, মানুষ শ্রদ্ধার অঙ্গ হিসাবে সন্ন্যাসীদের সিগারেট অফার করে, কিন্তু ভুটানে আবার, ধূমপান করাকে পাপ বলে মনে করা হয়। থাইল্যান্ডে, বৌদ্ধ কাউন্সিল মহিলাদেরকে সন্ন্যাসী হতে দেয় না বা মন্দিরের বিশেষ কিছু পবিত্র স্থানে ঢুকতে দেয় না। কিন্তু আবার অন্যান্য জায়গায় যেমন নেপাল এবং ইংল্যান্ডে, মহিলারা সন্ন্যাসী হতে পারে। সুতরাং, বৌদ্ধ ধর্ম হলো বিভিন্ন জায়গা এবং বিভিন্ন সংস্কৃতির সঙ্গে নিজেকে খাপ খাইয়ে নেওয়া একটি ধর্ম। এবং তোমরা যদি দেখো সারা বিশ্বের লোকেরা কিভাবে এই ধর্ম অনুশীলন করে তাহলে এর বিভিন্নতা বুঝতে পারবে।

# ১,০০০,০০০ এরও
# বেশী বৌদ্ধ বাস করে যে দেশগুলিতে

| দেশ | দেশের জনসংখ্যা ২০২০ | বৌদ্ধ জনসংখ্যা ২০২০ | শতকরা হার ২০২০ |
|---|---|---|---|
| চীন | ১,৪৩৯,৩২৪,০০০ | ২২৮,১১৭,০০০ | ১৫.৮% |
| জাপান | ১২৬,৪৭৬,০০০ | ৭০,৫৩৯,০০০ | ৫৫.৮% |
| থাইল্যান্ড | ৬৯,৮০০,০০০ | ৬০,৮৪৬,০০০ | ৮৭.২% |
| ভিয়েতনাম | ৯৭,৩৩৯,০০০ | ৪৭,৩৩৪,০০০ | ৪৮.৬% |
| মায়ানমার | ৫৪,৪১০,০০০ | ৪০,৪৬৯,০০০ | ৭৪.৪% |
| শ্রীলঙ্কা | ২১,৪১৩,০০০ | ২১,৪১৩,০০০ | ৬৮.০% |
| কম্বোডিয়া | ১৬,৭১৯,০০০ | ১৪,৩৮০,০০০ | ৮৬.০% |
| দক্ষিণ কোরিয়া | ৫১,২৬৯,০০০ | ১২,৬৩৭,০০০ | ২৪.৬% |
| ভারত | ১,৩৮০,০০৪,০০০ | ৯,৭৯৯,০০০ | ০.৭% |
| তাইওয়ান | ২৩,৮১৭,০০০ | ৬,৩০৪,০০০ | ৩৬.৫% |
| আমেরিকা | ৩৩১,০০৩,০০০ | ৪,৩০০,০০০ | ১.৩% |
| লাওস | ৭,২৭৬,০০০ | ৩,৮১৫,০০০ | ৫২.৪% |
| নেপাল | ২৯,১৩৭,০০০ | ৩,৫৪৬,০০০ | ১২.২% |
| ইন্দোনেশিয়া | ২৭৩,৫২৪,০০০ | ২,১৮৫,০০০ | ০.৮% |
| মঙ্গোলিয়া | ৩,২৭৮,০০০ | ১,৯০৬,০০০ | ৫৮.১% |
| মালয়েশিয়া | ৩২,৩৬৬,০০০ | ১,৭১২,০০০ | ৫.৩% |
| বাংলাদেশ | ১৬৪,৬৮৯,০০০ | ১,১৮২,০০০ | ০.৭% |
| হংকং | ৭,৪৯৭,০০০ | ১,১৭০,০০০ | ১৫.৬% |

তথ্য সূত্র: টড এম. জনসন এবং ব্রায়ান জে. গ্রিম, ইডিএস., বিশ্ব ধর্মীয় ডেটাবেস, (লেইডেন/বস্টন: ব্রিল, নেওয়া হয়েছে অক্টোবর ২০২২-এ)



# জাস্টিনের গল্প



জাস্টিন একজন দারুণ প্রতিভাবান তরুণ ইন্দোনেশিয়ান লেখক। সে অটিজম-এর মতন কঠিন চ্যালেঞ্জ কাটিয়ে উঠেছে, তার কথা বলতে অসুবিধা হত এবং ৮ বছর বয়সে তার প্রথম বই প্রকাশের সময় তাকে প্রচুর সমস্যার সম্মুখীন হতে হয়েছিল। এত অসুবিধা সত্বেও, জাস্টিন লেখার মাধ্যমে বিশ্বজুড়ে অন্যদের অনুপ্রেরণা দিয়েছে এবং উৎসাহিত করেছে, সে তার চ্যালেঞ্জগুলোকে নিজের শক্তিতে পরিণত করেছে।

এই ২১ দিনের প্রার্থনা গাইডটির জন্য জাস্টিন প্রত্যেকদিনের চিন্তা-ভাবনা এবং থিমগুলি লিখেছে এবং সে বিশ্বাস করে আমরা প্রত্যেকে তাঁর আশীর্বাদ ও সান্তনা পাব এবং সেগুলো থেকে উৎসাহিত হবো।

জাস্টিনকে ইনস্টাগ্রামে ফলো করো|জাস্টিনের বই কেনো

জাস্টিনের পরিচয় এখানে পাবে...

## কখনও নিজের স্বপ্ন ছেড়ে দিতে নেই!

আমি জাস্টিন গুণাওয়ান, সেকেন্ডারি ওয়ান স্কুলে পড়ি।

আজকে আমি স্বপ্ন নিয়ে কথা বলতে চাই। ছোট-বড় সবাই আমাদের প্রত্যেকের স্বপ্ন আছে।

আমার একটা স্বপ্ন আছে যে আমি একজন বক্তা এবং লেখক হবো... কিন্তু জীবন সবসময় খুব মসৃণ হয় না। আমাদের চলার রাস্তা সবসময় পরিষ্কার থাকে না।

আমার একটি গুরুতর রোগ আছে তা হল কথা বলতে সমস্যা। আমি আমার ৫ বছর বয়স পর্যন্ত সত্যিই কথা বলিনি। ঘন্টার পর ঘন্টা ধরে থেরাপি নেওয়ার পর এখন আমি অনেকটা সুস্থ, যদিও এখনও আমার কথা আটকে যায় এবং সমস্যা হয়।

আমার কি নিজের ওপর করুণা হয়?
আমি নিজের জন্য দুঃখিত?
আমি কি কখনও আমার স্বপ্ন ছেড়ে দেবো?

না!! আমাকে শুধু আরও বেশি আরও কঠোরভাবে পরিশ্রম করতে হবে।

সত্যি কথা বলতে কি, হ্যাঁ আমার মাঝে মাঝে মনে হয়।

আমি কখনও কখনও আমার পরিস্থিতি নিয়ে ক্লান্ত, হতাশ হয়ে পড়ি এবং উৎসাহ হারিয়ে ফেলি।

তো, তখন আমি কি করি? ধীরে ধীরে শ্বাসপ্রশ্বাস নিই, বিশ্রাম করি এবং আরাম করি কিন্তু কখনও হাল ছেড়ে দেই না!

জাস্টিন গুণাওয়ান (১৩)

তুমি কিভাবে উৎসাহিত হয়েছো সেটা এখানে জাস্টিন-কে জানাও।

## জাস্টিন সম্পর্কে আরও তথ্য...

জাস্টিন-এর দুই বছর বয়সে ধরা পড়ে যে সে অটিজমে আক্রান্ত। সে পাঁচ বছর বয়স পর্যন্ত কথা বলতে পারতো না। সে প্রতি সপ্তাহে প্রায় ৪০ ঘন্টা করে থেরাপি নিয়েছে। ১৫টা স্কুলে তাকে ভর্তি নেওয়া হয়নি কিন্তু শেষ পর্যন্ত একটা স্কুল তাকে ভর্তি নেয়। সাত বছর বয়সে, তার লিখতে পারার দক্ষতার মূল্যায়ন করা হয়েছিল যার ফল ছিল মাত্র ০.১ শতাংশ, কিন্তু তার মা তাকে অনেক যত্ন করে পেন্সিল ধরতে এবং লিখতে শেখানোর চেষ্টা করে যায় এবং সফলও হয়। আট বছর বয়সে, একটি জাতীয় প্রকাশক জাস্টিনের লেখা বই প্রকাশিত করে।

কথা বলার অসুবিধা এবং অটিজমের সাথে প্রতিদিন লড়াই করা সত্ত্বেও, জাস্টিন তার লেখার মাধ্যমে সারা বিশ্বের বহু মানুষকে অনুপ্রাণিত ও উৎসাহিত করে, এইভাবেই সে তার চ্যালেঞ্জগুলিকে নিজের শক্তির উৎসে পরিণত করে নিয়েছে। তার লেখাগুলো ইনস্টাগ্রামে @justinyoungwriter -এ গেলেই দেখা যাবে, যেখানে সে তার নিজের প্রতিদিনের অভিজ্ঞতার কথা শেয়ার করে এবং সারা বিশ্বের মানুষদের সাথে যোগাযোগ স্থাপন করে।

১ম দিন

# ২১শে জানুয়ারি ২০২৪
# ব্যাংকক, থাইল্যান্ড
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
ব্যাংকক একটা বিশাল, ব্যস্ত, রঙিন খেলার মাঠের মতন। এখানকার লোকেরা মিশুকে বন্ধুসুলভ আর তারা মশলাদার খাবার এবং সুন্দর সুন্দর মন্দির পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
অরুণ এবং মালি ব্যাংককের ব্যস্ত রাস্তার বাজার ঘুরে দেখতে ভালোবাসে।



## আজকের থিমঃ আশা

### জাস্টিন মনে করে

আমাদের জীবনে, আশা একটি সুতোর মতন যা আমাদেরকে অনিশ্চয়তার মুহুর্তগুলির সাথে মানিয়ে নিতে সাহায্য করে। আমাদের হৃদয়ে একটি কোমল কণ্ঠস্বর বলে ওঠে, "ঈশ্বরের সাথে, সবকিছুই সম্ভব।"

### থাইল্যান্ডের ব্যাংকক -এর জন্য আমাদের প্রার্থনা
- থাইল্যান্ডের নেতারা সেখানকার প্রতিটি গ্রামে ঈশ্বরের ভালোবাসা শেয়ার করতে চায় সেইজন্য ভগবানকে ধন্যবাদ দাও।
- একসঙ্গে প্রার্থনা করা এবং স্থানীয় নেতাদের প্রশিক্ষণের বিষয়ে তাদের পরিকল্পনার জন্য প্রার্থনা করো।
- ভগবানকে বল যেন গীর্জাগুলি বৃদ্ধি পায় এবং থাইল্যান্ডের ধর্মীয় স্বাধীনতা বজায় থাকে।



২১ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
"আশার ঈশ্বর তোমাকে সমস্ত আনন্দ দিয়ে পূর্ণ করুক।"
- রোমানস্ ১৫:১৩

### চলো এটা করি!...
তোমার আশাগুলো লেখো এবং প্রতিদিন সেগুলির জন্য প্রার্থনা করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



২য় দিন


# ২২শে জানুয়ারি ২০২৪
# বেজিং, চীন
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
বেজিং অনেকটা খোলা মিউজিয়ামের মতন। এখানে অনেক পুরানো বিল্ডিং আছে যেগুলিকে প্রাসাদ বলে আর প্রচুর পার্ক আছে। লোকেরা নুডলস্ এবং ডামপ্লিং খেতে পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
জুন এবং লিং বেজিং-এর বড় পার্কে গিয়ে ঘুড়ি ওড়াতে ভালোবাসে।

## আজকের থিমঃ বিজয়



### জাস্টিন মনে করে
ঈশ্বরের প্রেমের মৃদু আলিঙ্গনে, আমরা সত্য বিজয় খুঁজে পাই। এটা আমরা যে যুদ্ধে জিতেছি তা নয়, তবে একটা শান্ত আশ্বাস যে তিনি ইতিমধ্যেই আমাদের জন্য তা জিতে নিয়েছেন।

### আজকের শ্লোক...
"ঈশ্বরকে ধন্যবাদ! তিনি আমাদের বিজয় দান করেছেন।"
- ১ করিন্থিয়ানস্ ১৫:৫৭

### চীনের বেজিং -এর জন্য আমাদের প্রার্থনা
- বেজিং-এ ৫০টি নতুন গীর্জার জন্য ভগবানকে বলো যারা যীশুকে ভালোবাসে এবং অনুসরণ করে।
- চীনের সাংকেতিক ভাষা এবং জিনিউ ভাষায় বাইবেলের জন্য প্রার্থনা করো।
- উন্নত জীবনের আশায় যেসব পরিবারগুলি শহরে চলে আসে তারা যেন সাহায্য ও আশা খুঁজে পায় তার জন্য প্রার্থনা করো।



৫ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### চলো এটা করি!...
ছোট ছোট বিজয়গুলো উপযাপন করো এবং তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দাও।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -
### আবার কালকে দেখা হবে!




৩য় দিন

# ২৩শে জানুয়ারি ২০২৪
# ভুটান
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
ভুটান যেন পাহাড়ের গায়ে লুকানো এক গুপ্তধন। এই জায়গাটা খুব শান্তিপূর্ণ এবং শান্ত। সেখানকার লোকেরা সুখ ও ভালো থাকাকে মূল্য দেয় এবং “ঘো” আর “কিরা” নামের ঐতিহ্যবাহী পোষাক পরিধান করে।



## শিশুরা কি করতে পছন্দ করে...
তাশি এবং প্রেমা ভুটানের পাহাড়ে চড়তে ভালোবাসে আনন্দ ও শান্তির জন্য।

## আজকের থিমঃ সহানুভূতি

### জাস্টিন মনে করে
সহানুভূতির মাধ্যমে, আমরা আত্মার শিল্পী হয়ে উঠি, সহানুভূতি আর বোঝাপড়ার লাইন দিয়ে আমরা বিশ্বের ছবি আঁকি, প্রতিটি শেয়ার করা হাসিকে আমরা মানব সংযোগের এক একটা মাস্টারপিস করে তুলি।

### ভুটান-এর জন্য আমাদের প্রার্থনা
- প্রার্থনা করো ভুটানে যীশুর অনুসরণকারীরা যেন দৃঢ় থাকে এবং সাহসিকতার সঙ্গে তাদের বিশ্বাস শেয়ার করে।
- ঈশ্বরের আত্মাকে বলো ভুটানের সবাই যেন যীশুকে দেখতে পায়।
- ঈশ্বরের গল্পগুলি শিল্পকলা এবং কথ্য ভাষার মাধ্যমে শেয়ার করার জন্য প্রার্থনা করো।



অনেক জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
“একে অপরের প্রতি সদয় হও, সহানুভূতিশীল হও, একে অন্যকে ক্ষমা করো।
- এফেসিয়ানস্ ৪:৩২

### চলো এটা করি!...
নিজের পরিবারের কোন সদস্য বা কোন বন্ধুর জন্য একটা ভালো কাজ করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -


### আবার কালকে দেখা হবে!



৪র্থ দিন

# ২৪শে জানুয়ারি ২০২৪
# বৌদ্ধ প্রবাসী

এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...

এটা কোন একটা জায়গা নয় বরং একটা দল যারা বৌদ্ধ ধর্ম অনুসরণ করে, এমন একটি ধর্ম যা শান্তি এবং দয়া সম্পর্কে শিক্ষা দেয়। এরা সবাই সারা পৃথিবী জুড়ে ছড়িয়ে আছে।

## শিশুরা কি করতে পছন্দ করে...

কার্মা এবং দাওয়া ধ্যান অনুশীলন করে এবং কমিউনিটির বাগানের কাজে সাহাজ্য করে।



## আজকের থিমঃ আনুগত্য

### জাস্টিন মনে করে

যখন আমরা আনুগত্য বেছে নিই, তখন আমরা বিশ্বাস করা বেছে নিই। সেই বিশ্বাসে, একটা শান্ত শক্তি আছে, একটা মৃদু শক্তি যা আমাদের প্রতিটি পদক্ষেপকে গাইড করে এবং উদ্বেগগুলিকে প্রশমিত করে।

### আজকের শ্লোক...

“শিশুরা, ঈশ্বর বিশ্বাসে নিজেদের বাবা-মায়ের কথা শুনে চলো, কারণ এটাই সঠিক।”
- এফেসিয়ানস্ ৬:১

### বৌদ্ধ প্রবাসীদের জন্য আমাদের প্রার্থনা

- খ্রীস্টানদের জন্য প্রার্থনা করো তারা যেন বৌদ্ধদের সঙ্গে দেখা করে এবং তাদেরকে শান্তির রাজপুত্র, যীশুর সম্পর্কে জানায়।
- ঈশ্বরকে বলো বাড়ি থেকে দূরে যেসব বৌদ্ধরা বসবাস করে তারা যেন যীশুর সম্পর্কে জানতে পারে এবং তা নিজেদের পরিবারের সঙ্গে শেয়ার করতে পাবে।



অনেক জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### চলো এটা করি!...

আজকে বাবা-মা বা শিক্ষকেরা যা নির্দেশ দেবেন তা শোন এবং পালন করো।


আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

**আবার কালকে দেখা হবে!**



৫ম দিন

# ২৫শে জানুয়ারি ২০২৪
# চেংদু, চীন
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
চেংদু বিখ্যাত হল এখানকার সুন্দর সুন্দর পান্ডা আর মশলাদার খাবারের জন্য। এখানকার লোকেরা আরাম করতে পছন্দ করে এবং প্রকৃতি ও চা উপভোগ করতে ভালোবাসে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
ওয়েই এবং মেই চেংদু রিজার্ভে গিয়ে জায়ান্ট পান্ডা দেখতে পছন্দ করে।

## আজকের থিমঃ দায়িত্বপূর্ণ



### জাস্টিন মনে করে

আমাদের প্রতিটি দায়িত্বশীল পদক্ষেপ হল আমাদের বিশ্বাসের একটি বিবৃতি। আমাদের কর্তব্যের প্রতি শান্ত প্রতিশ্রুতিতে, আমরা প্রভুর অবিচল ভালবাসার প্রতিধ্বনি করি, সাধারণ মুহূর্তগুলিকে তাঁর বিশ্বস্ততার অসাধারণ সাক্ষ্যে পরিণত করি।

### চীনের চেংদু -এর জন্য আমাদের প্রার্থনা
- চেংদু-র প্রতিটি দলের জন্য ৫০টি নতুন গীর্জার কথা ভগবানকে জানাও।
- মাও এবং মিয়াঞ্চি কিয়াং ভাষায় বাইবেল লেখার জন্য প্রার্থনা করো।
- প্রার্থনা করো পশ্চিমের ব্যবসায়ীরা যেন তাদের চেংদু-র বন্ধুদের সাথে প্রভু যীশুর কথা শেয়ার করে।



১৯ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
"যাকে অল্প কিছুর জন্য বিশ্বাস করা যায় তাকে অনেক কিছুর জন্যও বিশ্বাস করা যায়।"
- লুক ১৬:১০

### চলো এটা করি!...
তোমাকে না বলা হলেও ঘরের কোন একটা কাজ শেষ করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!




৬ষ্ঠ দিন

# ২৬শে জানুয়ারি ২০২৪
# চংকিং, চীন
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
চংকিং যেন পাহাড়ের উপরে বানানো একটা শহর। এটি খুব বড় এবং সবসময় প্রাণ প্রাচুর্যে ভরপুর। এখানকার লোকেরা হটপট নামের একটি মশলাদার স্যুপ খেতে পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
বো এবং হুয়ান চংকিং-এর ঐতিহাসিক রাস্তা এবং গলিতে ঘুরে বেড়াতে পছন্দ করে।



## আজকের থিমঃ উদার

### জাস্টিন মনে করে
উদারভাবে ভাগ করে নেওয়ার সময়, আমরা আমাদের হাত এবং হৃদয় খুলে দেই, ঠিক যেন ঈশ্বরের উদারতাকে প্রতিফলিত করি। দয়ার প্রতিটি কাজ, তা যতই ছোট হোক না কেন, আমাদের পৃথিবীতে তাঁর অফুরন্ত ভালবাসার এক একটি ঢেউ।

### চীনের চংকিং -এর জন্য আমাদের প্রার্থনা
- প্রচুর মানুষকে সাহায্য করার উদ্দেশ্যে সৎ এবং ন্যায্য সরকারী কাজের জন্য প্রার্থনা করো।
- চংকিং-এর ক্রমবর্ধমান গীর্জাগুলির জন্য ভালো নেতার কথা ঈশ্বরকে বলো।
- গোপন গীর্জার নেতারা যারা কঠিন সময়ের মুখোমুখি হচ্ছেন তাদের নিরাপত্তা এবং শক্তির জন্য প্রার্থনা করো।



৩ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
“ঈশ্বর একজন প্রফুল্ল দাতাকে ভালোবাসেন।”
- ২ করিন্থিয়ানস্ ৯:৭

### চলো এটা করি!...
আজকে অন্য কারো সাথে তোমার মূল্যবান কিছু শেয়ার করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



৭ম দিন

# ২৭শে জানুয়ারি ২০২৪

# হ্যাংজু, চীন

এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...

হ্যাংজু পরিচিত এখানকার সুন্দর লেক আর গ্রিন টি(চা) এর জন্য। এই জায়গাটা একটা জীবন্ত হয়ে ওঠা শান্ত সুন্দর ছবির মত।

## শিশুরা কি করতে পছন্দ করে...

শেন এবং লি হ্যাংজু-র ওয়েস্ট লেকে বোটিং করতে পছন্দ করে।

## আজকের থিমঃ ধৈর্য্য



### জাস্টিন মনে করে

ধৈর্য্য হল একটা মৃদু কন্ঠস্বর যা ফিসফিস করে বলে ‘চলতে থাকো’ যখন বাকি সবকিছু বলে ‘হাল ছেড়ে দাও’। এটা হল এক মৃদু, অদম্য শক্তি যা সব বাধাগুলিকে এক একটা ছোট ছোট ধাপে ধাপে পরিণত করে, আমাদেরকে ঐশ্বরিক করুণার কাছাকাছি নিয়ে যায়।

### চীনের হ্যাংজু -এর জন্য আমাদের প্রার্থনা

- হ্যাংজু-তে একসাথে উপাসনা করার স্বাধীনতা বজায় থাকার জন্য প্রার্থনা করো।
- ঈশ্বরকে বলো যেন হ্যাংজু-র তরুণ কর্মীরা যীশু সম্পর্কে জানতে পারে এবং বাড়িতে ফিরে পরিবারের সঙ্গে শেয়ার করতে পারে।
- হ্যাংজু-র ডাক্তার এবং শিক্ষকরা যেন বুদ্ধিমত্তার সাথে যীশুর কথা শেয়ার করতে পারে তাঁর জন্য প্রার্থনা করো।



৫ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...

“আমাদের জন্য যে দৌড় ঠিক করা হয়েছে, এসো আমরা ধৈর্য্য সহকারে দৌড়াই।”
হিব্রুস্ ১২:১

### চলো এটা করি!...

চ্যালেঞ্জিং কিছু করার চেষ্টা করো এবং সহজে হাল ছেড়ে দিও না।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

**আবার কালকে দেখা হবে!**



৮ম দিন

# ২৮শে জানুয়ারি ২০২৪
# হ্যানয়, ভিয়েতনাম
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
হ্যানয় ইতিহাস এবং গল্পে পরিপূর্ণ। এই জায়গার বাজার এবং মোটরবাইক সবসময় ব্যস্ত। এখানকার লোকেরা তাদের ঐতিহ্যবাহী নুডল স্যুপ খেতে পছন্দ করে যার নাম্ম “ফো”।

## শিশুরা কি করতে পছন্দ করে...
মিন এবং আন প্রাচীন মন্দিরগুলি ঘুরে বেড়াতে এবং রাস্তার ফো খেতে পছন্দ করে।



## আজকের থিমঃ কৃতজ্ঞ

### জাস্টিন মনে করে
কৃতজ্ঞতা আমাদেরকে বোঝায় আমাদের যা আছে তা যথেষ্ট এবং অনেক বেশি। আজকের এই পৃথিবীতে আমরা সর্বদা আরও বড়, আরও বেশি পাওয়ার জন্য দৌড়াই, মনে রেখো সবচেয়ে বেশি আনন্দ তখনই হয় যখন আমাদের যা আছে তার জন্য আমরা কৃতজ্ঞ বোধ করি।

### ভিয়েতনামের হ্যানয় -এর জন্য আমাদের প্রার্থনা
- প্রার্থনা করো হ্যানয়-এর গীর্জার নেতারা যেন তাদের প্রতিবেশীদের সঙ্গে ঈশ্বরের ভালোবাসা ভাগ করে নিতে পারে।
- বিদেশের ভিয়েতনামি খ্রীস্টানদেরা হ্যানয়-এ তাদের বিশ্বাস সঙ্গে নিয়ে আসতে সাহায্য করার জন্য প্রার্থনা করো।
- হ্যানয়-এর গীর্জাগুলি যেন আরও শক্তিশালী হয় এবং অন্যদের সঙ্গে আশা শেয়ার করে নিতে পারে তার জন্য প্রার্থনা করো।



১০ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
“সব পরিস্থিতির জন্যই ধন্যবাদ দাও; কারণ এটাই তোমার জন্য ঈশ্বরের ইচ্ছা।”
- ১ থেসালোনিয়ানস্ ৫:১৮

### চলো এটা করি!...
এমন তিনটে জিনিস লেখো যার জন্য আজকে তুমি কৃতজ্ঞ।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



৯ম দিন

# ২৯শে জানুয়ারি ২০২৪
# হো চি মিন সিটি, ভিয়েতনাম
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
এই শহরটি অনেকটা মৌচাকের মতন, সর্বদা ব্যস্ত এবং প্রাণ চাঞ্চল্যে পরিপূর্ণ। এখানকার লোকেরা আইস কফি এবং ব্যস্ত বাজার উপভোগ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
ফুক এবং লিন হো চি মিন সিটি-র ব্যস্ত রাস্তায় সাইকেল চালিয়ে ঘুরে বেড়াতে পছন্দ করে।

## আজকের থিমঃ জ্ঞান



### জাস্টিন মনে করে

জ্ঞান আমাদেরকে অন্যের কথা শুনতে, নম্র ভদ্র হতে এবং জীবনের সকল ক্ষেত্রেই যে ঈশ্বর আছে তা বুঝতে গাইড করে, আমাদেরকে আনন্দ এবং চ্যালেঞ্জ উভয়ই ক্ষেত্রেই কৃতজ্ঞ হওয়ার কথা স্মরণ করিয়ে দেয়।

### ভিয়েতনামের হো চি মিন সিটি -র জন্য আমাদের প্রার্থনা
- একটি বড় অনুষ্ঠানে একসঙ্গে অনেক মানুষ যীশু সম্পর্কে জানতে পারছে তার জন্য ঈশ্বরকে ধন্যবাদ দাও।
- গীর্জার নেতারা যাতে শহরে আরও নতুন বিশ্বাসীদের সংখ্যা বাড়াতে সাহায্য করে তার জন্য প্রার্থনা করো।
- ঈশ্বরকে বলো যীশুকে জানার জন্য শহরে যাতে আরও অনেক গীর্জা এবং নেতা তৈরি হয়।



১২ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
"কারণ প্রভু জ্ঞান দান করেন; তার মুখ থেকে জ্ঞান ও উপলব্ধি আসে।"
- প্রোভার্বস্ ২:৬

### চলো এটা করি!...
ভগবানকে বলো তোমাকে জ্ঞান দিক যেন তুমি সঠিক সিদ্ধান্ত নিতে পারো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

**আবার কালকে দেখা হবে!**




১০ম দিন

# ৩০শে জানুয়ারি ২০২৪
# হংকং, চীন
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
হংকং যেন প্রচুর আলোসহ উঁচু উঁচু বিল্ডিং-এর জঙ্গল। এখানকার লোকেরা কঠোর পরিশ্রমী এবং ডিম সাম নামক এক ধরনের স্ন্যাকস্ খেতে ভালোবাসে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
কাই এবং ওয়াই হংকং-এর চমকপ্রদ সব অ্যামিউজমেন্ট পার্কে বেড়াতে যেতে পছন্দ করে।



## আজকের থিমঃ ক্ষমতা

### জাস্টিন মনে করে

এমনকি একটি ছোট স্ফুলিঙ্গও, একটি দুদার্ন্ত আশার আগুন জ্বালানোর ক্ষমতা রাখে। তোমার বিশ্বাস, যদিও তা অনেকটা ফিসফিসের মতই মৃদু, কিন্তু সেটাই একটা পাহাড় সরানোর ক্ষমতা রাখে।

### চীনের হংকং -এর জন্য আমাদের প্রার্থনা
- হংকং-এ যারা খ্রীস্টান গল্প এবং ভিডিও শেয়ার করে তাদের নিরাপত্তার জন্য প্রার্থনা করো।
- ঈশ্বরকে বলো গীর্জাগুলিকে সাহায্য করতে যাতে তারা যাদের বেশি অর্থ নেই তাদেরকে সাহায্য করতে পারে।
- হংকং-এর গীর্জার নেতারা এবং ধর্মপ্রচারকরা যাতে নিরাপদে থাকে এবং একসাথে কাজ করতে পারে তার জন্য প্রার্থনা করো।



১০ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
"কারণ ঈশ্বর আমাদের ভয়ের নয়, শক্তির আত্মা দিয়েছেন।"
- ২ টিমোথি ১:৭

### চলো এটা করি!...
আজকে ভয়ের মুখোমুখি হওয়ার সাহস ও শক্তির জন্য প্রার্থনা করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!




১১তম দিন

# ৩১শে জানুয়ারি ২০২৪

# ভারত

এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...

ভারত বিভিন্ন রকমের সংস্কৃতি, ভিন্ন ভিন্ন ভাষা এবং অনেক ধরনের উৎসব নিয়ে যেন একটা রামধনু। এই দেশটা খুব বৈচিত্র্যময় এবং রঙিন, এবং এখানকার লোকেরা তাদের মশলাদার খাবার আর ক্রিকেট পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...

অর্জুন এবং প্রিয়া ক্রিকেট খেলে ও বলিউডের মিউজিকের সঙ্গে ডান্স করে।



## আজকের থিমঃ পবিত্র

### জাস্টিন মনে করে

পবিত্র শুধু একটা শব্দ নয়, এটা জীবনযাপনের একটা ধরন। যখন আমরা পবিত্রতাকে আলিঙ্গন করি, তখন সহজতম মুহুর্তগুলিতে শান্তি পাই এবং প্রতিদিনের চ্যালেঞ্জগুলির মুখোমুখি হওয়ার শক্তি পাই।

### ভারত-এর জন্য আমাদের প্রার্থনা

- দলিত সহ ভারতের সব মানুষের জন্য প্রার্থনা করো, যেন তারা যীশুর ভালোবাসা উপলব্ধি করতে পারে।
- ভগবানকে বলো যেন গীর্জার নেতারা কঠিন সময়ের মুখোমুখি হওয়ার শক্তি পায়।
- ঈশ্বরের বাণী ভাগ করে নিতে যাজক এবং শিক্ষকদের প্রশিক্ষণের জন্য প্রার্থনা করো।



অনেক জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...

"পবিত্র হও, কারণ আমি পবিত্র" - ১ পিটার ১:১৬

### চলো এটা করি!...

প্রার্থনায় আরও সময় কাটাও, ঈশ্বর যেমন চান সেরকম হওয়ার চেষ্টা করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



১২তম দিন

# ১লা ফেব্রুয়ারি ২০২৪

# জাপান

এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...

জাপান হল অতীত এবং ভবিষ্যতের এক অপূর্ব সংমিশ্রণ। এখানে অত্যাধুনিক রোবট আছে এবং প্রাচীন মন্দিরও আছে। এখানকার লোকেরা ভীষণ ভদ্র এবং তারা সুশি আর অ্যানিমি উপভোগ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...

হিরো এবং ইয়ুমি অ্যানিমি দেখতে আর মাঙ্গা ছবি আঁকতে পছন্দ করে।



## আজকের থিমঃ উপাসনা

### জাস্টিন মনে করে

উপাসনা হল আত্মার উপাসক, একটি শান্ত কথোপকথন যেখানে শব্দ খুব কম কিন্তু অনুভূতিগুলি ভীষণ গভীর। উপাসনার এই মুহুর্তগুলিতে, আমরা অসীমকে স্পর্শ করি, ঈশ্বরের এই মহান নকশায় আমাদের ক্ষুদ্র অংশ উপলব্ধি করি।

### জাপান-এর জন্য আমাদের প্রার্থনা

- জাপানের বয়স্ক মানুষদের জন্য আরও সাহায্যকারী এবং বিশেষ বাড়ির জন্য প্রার্থনা করো।
- ভীতিকর জাদুতে বিশ্বাস করা থেকে এখানকার লোকেদের দূরে রাখার জন্য ঈশ্বরকে অনুরোধ  করো।
- জাপানে আরও নতুন আর সাহসী খ্রীস্টান নেতা তৈরি হওয়ার জন্য প্রার্থনা করো।



অনেক জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...

"এসো, আমরা উপাসনায় মাথা নত করি, প্রভুর সামনে নতজানু হয়ে বসি।"
- সাম ৯৫:৬

### চলো এটা করি!...

আজকে ভগবানের উদ্দেশ্যে তোমার প্রিয় প্রার্থনা সঙ্গীতটি গাও।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



১৩তম দিন

# ২রা ফেব্রুয়ারি ২০২৪
# নম পেন, কম্বোডিয়া
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
এই শহর শান্ত এবং এর একটি সমৃদ্ধ ইতিহাস আছে। এখানকার লোকেরা দয়ালু এবং নাচ এবং “বাই সাচ ক্রোক” নামে একটি রাইস ডিশ উপভোগ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
সামনাং এবং স্রে প্রাচীন ধ্বংসাবশেষ ঘুরে দেখে এবং খেমার নাচ উপভোগ করে।



## আজকের থিমঃ প্রশংসা

### জাস্টিন মনে করে
প্রশংসা হোক সেই গান যা তোমার হৃদয় থেকে উপচে পড়ে, এমন একটা সুর যা কখনও মুছে যায় না। ছোট বা বড় প্রতিটি মুহূর্তে, তোমার আত্মাকে গাইতে দাও তোমার প্রতিটি নিঃশ্বাসের জন্য যা তাঁর ভালোবাসায় মোড়ানো একটি উপহার।

### কম্বোডিয়ার নম পেন -এর জন্য আমাদের প্রার্থনা
- অর্থ এবং মূর্তির বাইরে সুখ খুঁজে পেতে নম পেনের লোকেদের জন্য প্রার্থনা করো।
- অতীতের ক্ষতির কারণে যাদের হৃদয় এখনও ভারাক্রান্ত তাদের সাহায্য করার জন্য ভগবানকে বলো।
- নম পেনে যাতে আরও সাহায্যকারী আসে এবং যীশু সম্পর্কে শেয়ার করতে পারে তার জন্য প্রার্থনা করো।



১১ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
“যাদের নিঃশ্বাস আছে তারা সবাই প্রভুর প্রশংসা করুক।”
- সাম ১৫০:৬

### চলো এটা করি!...
কাউকে বলো কেন আজকে তুমি ঈশ্বরের প্রশংসা করছো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



১৪তম দিন

# ৩রা ফেব্রুয়ারি ২০২৪

# সাংহাই, চীন

এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...

সাংহাই যেন কোন সাই-ফাই সিনেমার একটা শহর, এখানে বড় বড় সব আকাশছোঁয়া অট্টালিকা রয়েছে। এখানকার লোকেরা কেতাদুরস্ত এবং তারা কেনাকাটা করতে আর ডাম্পলিং খেতে পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...

লেই এবং হুই সাংহাই-এর স্কাইলাইনের ঝলমলে আলো উপভোগ করে।

## আজকের থিমঃ বিশ্বাস



### জাস্টিন মনে করে

বিশ্বাস হল একটা মৃদু আশ্বাস যা আমাদের হৃদয়ে ফিসফিস করে বলে, মনে করিয়ে দেয় যে ঈশ্বরের পরিকল্পনা আমাদের ভয়ের থেকেও বড়। এটা একটা মৃদু ধাক্কা যা আমাদের এগিয়ে যেতে উৎসাহিত করে এমনকি সামনের রাস্তাটা অস্পষ্ট হলেও।

### চীনের সাংহাই -এর জন্য আমাদের প্রার্থনা

- সাংহাই-এর লোকেরা যাতে জীবনকে সম্মান করে এবং অন্যদের আহত করা বন্ধ করে তাঁর জন্য প্রার্থনা করো।
- গীর্জাগুলি যাতে শক্তিশালী হয় এবং সঠিক শিক্ষা দিতে পারে সেই সাহায্য করার জন্য ঈশ্বরকে বলো।
- যে সব লোকেরা জেলে আছে তাদের বিশ্বাস করতে বলো যাতে তারা সাহসী হয়, তার জন্য প্রার্থনা করো।



৩ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...

"তোমার সমস্ত হৃদয় দিয়ে প্রভুকে বিশ্বাস করো।"
- প্রোভার্বস্ ৩:৫

### চলো এটা করি!...

একটি উদ্বেগ নিয়ে ঈশ্বরের সঙ্গে কথা বলো এবং সেই ব্যাপারে তাঁর ওপর বিশ্বাস রাখো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



১৫তম দিন

# ৪ঠা ফেব্রুয়ারি ২০২৪
# শেনইয়াং, চীন
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
শেনইয়াং-এ একইসঙ্গে পুরানো প্রাসাদ এবং নতুন বিল্ডিং দেখতে পাওয়া যায়। এখানে খুব ঠান্ডা এবং লোকেরা আনন্দদায়ক খাবার খেতে আর বরফ উৎসব করতে পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
তাও এবং নিং ঐতিহাসিক প্রাসাদ পরিদর্শন করে এবং বরফের মধ্যে খেলা করে।

## আজকের থিমঃ আশীর্বাদ

### জাস্টিন মনে করে
প্রতিদিন সকালে আমরা জেগে উঠি একটি নতুন আশীর্বাদ, একটি নতুন সূচনা, একটি নতুন সুযোগ নিয়ে, এসো আজকের উপহারটি কৃতজ্ঞতার সাথে গ্রহণ করি এবং সবার মধ্যে এই আনন্দ ছড়িয়ে দেই।

### চীনের শেনইয়াং -এর জন্য আমাদের প্রার্থনা
- শেনইয়াং-এর গীর্জার নেতারা যাতে একসাথে কাজ করে তার জন্য প্রার্থনা করো।
- ঈশ্বরকে বলো শেনইয়াং-এর বিশ্বাসীরা যেন একে অপরের কথা শোনে এবং একে অপরকে যত্ন করে।
- যাজকদের প্রশিক্ষিত হওয়ার জন্য এবং একা ব্যক্তিদের সুখ খুঁজে পাওয়ার জন্য প্রার্থনা করো।



৩৭ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।



### আজকের শ্লোক...
"প্রভু তোমাদের আশীর্বাদ করুন এবং রক্ষা করুন।"
- নাম্বারস্ ৬:২৪-২৬

### চলো এটা করি!...
একজন বন্ধু বা পরিবারের সদস্যের উপর ঈশ্বরের আশীর্বাদের জন্য প্রার্থনা করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



১৬তম দিন

# ৫ই ফেব্রুয়ারি ২০২৪
# তাইওয়ান, চীন
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
তাইওয়ান পরিচিত তার ইতিহাস এবং পুরানো মন্দিরের জন্য। এটি অন্যান্য বড় শহরের তুলনায় শান্ত এবং এখানকার লোকেরা নুডলস্ খেতে আর শান্ত পার্কগুলিতে ঘুরে বেড়াতে পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
জি এবং ইয়ান পুরানো মন্দির আবিস্কার করে এবং স্থানীয় নুডলসের ডিশগুলি উপভোগ করে।

## আজকের থিমঃ অলৌকিক

### জাস্টিন মনে করে
প্রতিটি চ্যালেঞ্জেই একটি অলৌকিক ঘটনা লুকানো থাকে, উন্মোচিত হওয়ার অপেক্ষায়। যদি বিশ্বাস থাকে, সবচেয়ে ছোট একটা পাথরও ঈশ্বরের শক্তির প্রকাশ করতে পারে।

### চীনের তাইওয়ান -এর জন্য আমাদের প্রার্থনা
- তাইওয়ানে যারা যীশুতে বিশ্বাস করে তাদের সাহসের জন্য প্রার্থনা করো।
- ঈশ্বরকে বলো যেন মানুষ আরও বেশি মেলামেশা করে এবং অনলাইনে অবাধে কথা বলে।
- কঠিন পরিস্থিতিতে তাইওয়ানের গীর্জার নেতাদের শক্ত থাকার জন্য প্রার্থনা করো।



১ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।



### আজকের শ্লোক...
"ঈশ্বরের সাথে যে কোন কিছুই সম্ভব।"
- মার্ক ১০:২৭

### চলো এটা করি!...
আজকে কোন কঠিন পরিস্থিতিতে একটি অলৌকিকের জন্য প্রার্থনা করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



১৭তম দিন

# ৬ই ফেব্রুয়ারি ২০২৪

# উলানবাতার, মঙ্গোলিয়া

এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...

এই শহরটি বিস্তীর্ণ তৃণভূমি এবং যাযাবরদের (যারা এক জায়গা থেকে অন্য জায়গায় ঘুরে বেড়ায়) দ্বারা পরিবেষ্টিত। এখানে খুব ঠান্ডা, আর এখানকার লোকেরা ঘোড়ায় চড়তে ভালোবাসে।

## শিশুরা কি করতে পছন্দ করে...

ব্যাট এবং ওয়ুন ঘোড়ায় চড়ে মঙ্গোলিয়ার সুন্দর, বিস্তীর্ণ প্রান্তরে ঘুরে বেড়াতে পছন্দ করে।



## আজকের থিমঃ অনুগ্রহ

### জাস্টিন মনে করে

অনুগ্রহ হল একটি মৃদু বাতাসের মত যা আমাদের হৃদয়ে ফিসফিস করে ঈশ্বরের ভালোবাসার কথা বলে। এটা আমাদের মনে করিয়ে দেয় যে, তাঁর চোখে আমরা সবাই সমান এবং কখনই একা নই।

### মঙ্গোলিয়ার উলানবাতার -এর জন্য আমাদের প্রার্থনা

- উলানবাতার-এর গীর্জাগুলিতে বুদ্ধিমান এবং সদাশয় নেতাদের জন্য প্রার্থনা করো।
- রাস্তায় মেয়েদের বিপদ থেকে বাঁচতে সাহায্য করার জন্য ঈশ্বরের কাছে প্রার্থনা করো।
- পুরুষরা যেন তাদের পরিবারে, কমিউনিটিতে এবং গীর্জায় ভালোভাবে থাকে তার জন্য প্রার্থনা করো।



৬ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...

"হে প্রভু, তুমি নিশ্চয়ই ধার্মিকদের আশীর্বাদ করো; তাদেরকে তুমি তোমার অনুগ্রহ দিয়ে ঘিরে রাখো।"
- সাম ৫:১২

### চলো এটা করি!...

ঈশ্বরকে বলো তিনি যেন তোমার আজকের কাজকর্মে তাঁর অনুগ্রহ দেখান।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



১৮তম দিন

# ৭ই ফেব্রুয়ারি ২০২৪
# আমেরিকা
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
আমেরিকা একটা বড় পাত্রের মতন যেখানে বিভিন্ন ধরনের মানুষ এবং বিশ্বাস একসাথে মিলেমিশে আছে। এই জায়গাটা খুব বড়, এবং এখানকার লোকেরা খেলাধুলা, ফাস্ট ফুড আর সিনেমা পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
মাইকেল এবং এমিলি বেসবল খেলে এবং রোড ট্রিপে ঘুরতে গিয়ে মজা করে।

## আজকের থিমঃ শক্তি



### জাস্টিন মনে করে
শান্ত মুহুর্তগুলিতে যখন শক্তি অনেক দূরে মনে হয়, তখন মনে রেখো ঈশ্বরের শক্তি দুর্বলতায় নিখুঁত হয়। তোমার বিশ্বাসের যাত্রা তোমার শক্তির উপর নয় বরং এই অবিরাম শক্তির উপর ভিত্তি করে তৈরি।

### আজকের শ্লোক...
"যিনি আমাকে শক্তি দেন তাঁর মাধ্যমে আমি সবকিছু করতে পারি।"
- ফিলিপাইনস্ ৪:১৩

### আমেরিকা -র জন্য আমাদের প্রার্থনা
- বৌদ্ধধর্মের প্রকৃত অর্থ কি তা যাতে আমেরিকার লোকেরা বুঝতে পারে তাঁর জন্য প্রার্থনা করো।
- ঈশ্বরকে বল তিনি যেন আমেরিকার বৌদ্ধদের খারাপ পথ থেকে মুক্তি খুঁজে পেতে সাহায্য করেন।
- আমেরিকার খ্রীস্টানদের জন্য প্রার্থনা করো তারা যেন তাদের বৌদ্ধ বন্ধুদের সাহায্য করে।

### চলো এটা করি!...
শারীরিক সহায়তার প্রয়োজন এমন কাউকে সাহায্য করো।



অনেক জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -
আবার কালকে দেখা হবে!



১৯তম দিন

# ৮ই ফেব্রুয়ারি ২০২৪
# ভিয়েনতিয়েন, লাওস
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
ভিয়েনতিয়েন শান্ত-সুন্দর এবং এখানে অনেক মন্দির আছে। এখানকার লোকেরা আরাম করে, স্টিকি রাইস খেতে পছন্দ করে এবং তাদের সুন্দর মেকং নদীকে ভালোবাসে।



## শিশুরা কি করতে পছন্দ করে...
খাম এবং লাই মেকং নদীতে সাঁতার কাটতে এবং মাছ ধরতে পছন্দ করে।

## আজকের থিমঃ সমবেদনা

### জাস্টিন মনে করে
সমবেদনা আমাদের কানে ফিসফিস করে, আমাদের মনে করিয়ে দেয় যে প্রত্যেকটা মানুষের একটা গল্প আছে, একটা বোঝা যা আমরা কখনই পুরোপুরি বুঝতে পারবো না। এটি একটি সহৃদয়তার হাত, একটি সহজ অভিব্যক্তি যা বলে, ‘এই রাস্তায় তুমি একা নও।’

### আজকের শ্লোক...
“সমবেদনা, দয়া, নম্রতা, ভদ্রতা এবং ধৈর্যের পোশাক পরিধান করো।”
- কলসিয়ানস্ ৩:১২

### লাওসের ভিয়েনতিয়েন -এর জন্য আমাদের প্রার্থনা
- লাওসের লোকেরা যাতে বৌদ্ধধর্মের পরিবর্তে ঈশ্বরে বিশ্বাস করে তার জন্য প্রার্থনা করো।
- নজরদারি থাকা সত্ত্বেও, বিশ্বাসীরা যেন তাদের বিশ্বাস সাহসের সঙ্গে শেয়ার করে নিতে পারে তার জন্য প্রার্থনা করো।
- কঠিন সময়ের মধ্যেও গীর্জার নেতারা যেন শক্তিশালী এবং সদাশয় থাকতে পারে তার জন্য প্রার্থনা করো।



৯ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### চলো এটা করি!...
যে দুঃখ পেয়েছে বা আঘাত পেয়েছে তার প্রতি সমবেদনা দেখাও।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

**আবার কালকে দেখা হবে!**



২০তম দিন

# ৯ই ফেব্রুয়ারি ২০২৪
# জিয়ান, চীন
এর জন্য প্রার্থনা করবো





## এই জায়গাটা কিরকম...
জিয়ান বিখ্যাত এখানকার মাটির তৈরি প্রাচীন সেনাবাহিনীর মূর্তিগুলির জন্য। এখানে একটা পুরানো দেওয়াল রেয়েছে এবং এখানকার লোকেরা রুটি এবং মাটন স্যুপ খেতে পছন্দ করে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
ফেং এবং কিয়াও প্রাচীন জায়গাগুলিতে ঘুরে বেড়াতে পছন্দ করে এবং জিয়ানের স্ট্রিট ফুড খেতে ভালোবাসে।

## আজকের থিমঃ পরিত্রাণ

### জাস্টিন মনে করে
পরিত্রাণ হল একটি উপহার, যা বিনামূল্যে দেওয়া হয়েছে, অর্জন করতে হয়নি। এটা অনেকটা একটি ঠান্ডার দিনে উষ্ণ, আরামদায়ক আলিঙ্গনের মতন, যা আমাদের মনে করিয়ে দেয় আমরা কখনই একা নই।

### চীনের জিয়ান -এর জন্য আমাদের প্রার্থনা
- জিয়ানের স্কুলগুলো এবং সেখানকার সমস্ত ছাত্রদের জন্য প্রার্থনা করো।
- চীনের পরিবারগুলিকে একসাথে এবং সুখী থাকতে সাহায্য করার জন্য ঈশ্বরের কাছে অনুরোধ করো।
- জিয়ানের নতুন বিশ্বাসীদের জন্য প্রার্থনা করো তারা যেন তাদের পরিবারের সঙ্গে যীশুকে শেয়ার করতে পারে।



১৫ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### আজকের শ্লোক...
"প্রভু যীশুর ওপর বিশ্বাস রাখো, এবং তুমি পরিত্রাণ পাবে।"
- অ্যাক্টস্ ১৬:৩১

### চলো এটা করি!...
নিজের কোন বন্ধু বা ভাই-বোনের সঙ্গে যীশুর গল্প শেয়ার করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



২১তম দিন

# ১০ই ফেব্রুয়ারি ২০২৪
# ইয়াঙ্গুন, মায়ানমার
এর জন্য প্রার্থনা করবো



## এই জায়গাটা কিরকম...
ইয়াঙ্গুন-এ আছে সোনালী মন্দির এবং ব্যস্ত রাস্তাঘাট। সেখানকার লোকেরা সদাশয় এবং তারা চা পাতার স্যালাড উপভোগ করে এবং বড় লেকের পাশ দিয়ে হাঁটতে ভালোবাসে।

## শিশুরা কি করতে পছন্দ করে...
কো এবং আয়ে সোনালী প্যাগোডায় ঘুরতে যায় এবং স্থানীয় ঐতিহ্যবাহী খেলাধুলা করে।

## আজকের থিমঃ ধন্যবাদ জ্ঞাপন



### জাস্টিন মনে করে
জীবনের ব্যস্ত রাস্তায় চলতে চলতে, আসুন আমরা ধন্যবাদ জানানোর জন্য একটু বিরতি নিই। প্রতিটি হাসিতে, প্রতিটি কাজের মধ্যে আমরা ঈশ্বরের হাত দেখতে পাই, যা মৃদুভাবে আমাদেরকে ভালোবাসা এবং ঐক্যের দিকে নিয়ে যায়।

### আজকের শ্লোক...
"ঈশ্বরকে ধন্যবাদ দাও, কারণ তিনি মঙ্গলময়; তাঁর ভালোবাসা চিরকাল স্থায়ী হয়।"
- সাম ১০৭:১

### মায়ানমারের ইয়াঙ্গুন -এর জন্য আমাদের প্রার্থনা
- মায়ানমারের রাজধানী নে পি তাও-এর বুদ্ধিমান এবং দয়ালু নেতাদের জন্য প্রার্থনা করো।
- যুদ্ধের কারণে যারা ঘর ছেড়ে দিতে বাধ্য হয়েছে সেই সমস্ত মানুষদের সাহায্য করার জন্য ঈশ্বরকে অনুরোধ করো।
- দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষদের খাবার, জল এবং ওষুধের জন্য প্রার্থনা করো।



১৫ টি জনজাতির উদ্দেশ্যে প্রার্থনা করো যারা যীশুকে জানে না।

ঈশ্বরকে জিজ্ঞাসা করো তোমাদের আজকের প্রার্থনা কার বা কিসের জন্য তিনি করাতে চান এবং তিনি যেভাবে বলবেন সেইভাবে প্রার্থনা করো।

### চলো এটা করি!...
বিশেষ কারো জন্য একটি 'ধন্যবাদ' কার্ড তৈরি করো।

আমাদের সঙ্গে প্রার্থনা করার জন্য ধন্যবাদ -

### আবার কালকে দেখা হবে!



# ধন্যবাদ

বৌদ্ধ জনজাতির উদ্দেশ্যে আমাদের প্রার্থনায় যোগদান করার জন্য।
খবর এবং পরবর্তী প্রার্থনা গাইডের জন্য এখানে সাইন আপ করুন।




www.110cities.com

প্রার্থনা গাইডের ছবিগুলি - অনুগ্রহ করে মনে রাখবেন এই প্রার্থনা গাইডে যে সমস্ত ছবি ব্যবহার করা হয়েছে সেগুলি সবই ডিজিটাল পদ্ধতিতে তৈরি এবং শুধুমাত্র অলঙ্করণের জন্য ব্যবহৃত। এই ছবিগুলি কোনভাবেই নিবন্ধে উল্লিখিত ব্যক্তিদের সঙ্গে সম্পর্কিত নয়।